

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭
ফোন নং - ২২৪১-২০৬০/২২১৯-৮৯৩০

মাননীয়,
বার্তা সম্পাদক

মহাশয়,

নীচের এই বিবৃতিটি আপনাদের বহুল প্রচারিত সংবাদ মাধ্যমে প্রকাশের জন্য অনুরোধ করছি।

প্রেস বিবৃতি

১৫-১২-২০২০

গত ১৪ ডিসেম্বর, ২০২০ তারিখে কোভিড মুক্তির পর রাজ্যের প্রাক্তন বিদ্যালয় শিক্ষামন্ত্রী মাননীয় শ্রী পার্থ দে মহাশয়কে বেলেঘাটা আইডি হাসপাতাল থেকে সরকারী এ্যাম্বুলেন্সে প্রাক্তন মন্ত্রীর পাম এভিনিউ এর বাসস্থানে পৌঁছে দেবার উদ্দেশ্যে রওনা হবার পর বিভিন্ন স্থানে অন্যান্য রুগীদের পৌঁছানোর পর অবশেষে শ্রী দে মহাশয়কে বালীগঞ্জ ফাঁড়িতে নামিয়ে দিয়ে চালক তাঁকে পায়ে হেঁটে বাড়ি চলে যাবার নিদান দেন। নির্বিবাদী মানুষ শ্রী দে মহাশয় বিনা বাক্য ব্যয়ে অসুস্থ শরীরেই বাড়ি ফেরেন। এই নজিরবিহীন ঘটনায় পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি সারা রাজ্যবাসীর মতই স্তম্ভিত। পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি রাজ্যের স্বাস্থ্য দপ্তরের এই অমানবিক আচরণের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছে।

ধন্যবাদান্তে -

কেশব ভট্টাচার্য

(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪